

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৫৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. তৃতীয় অনুচ্ছেদ - তাশাহুদের মধ্যে দু'আ

### আরবী

وَعَنْ سَمُرَةَ قَالَ: أَمَرَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ نَرُدَّ عَلَى الْإِمَامِ وَنَتَحَابَّ وَعَنْ سَمُرَةَ قَالَ: أَمَرَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ نَرُدَّ عَلَى الْإِمَامِ وَنَتَحَابَّ وَأَنْ يُسَلِّمَ بَعْضِنَا عَلَى بَعْضِ. رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

৯৫৮-[২০] সামুরাহ্ ইবনু জুনদুব (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে ইমামের সালামের উত্তর দিতে, একে অন্যকে ভালোবাসতে ও পরস্পর সালাম বিনিময় করতে হুকুম দিয়েছেন। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আবৃ দাউদ ১০০১, ইরওয়া ৩৬৯। এর দু'টি কারণ রয়েছে, প্রথমত এর সানাদে সা'ঈদ ইবনু বাশীর নামে একজন দুর্বল রাবী রয়েছে, যেমনটি তারুরীবে বর্ণিত হয়েছে। দ্বিতীয়ত এটি সামুরাহ্ থেকে হাসান বসরীর বর্ণনা। আর তিনি মুদাল্লিস রাবী সামুরাহ্ থেকে হাদীসটি শ্রবণ করার বিষয়টি স্পষ্ট করে বর্ণনা করেননি।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَنْ نَرُدَّ عَلَى الْإِمَامِ) আমরা সালামের জবাব দিতাম ইমামকে দ্বিতীয় সালামের মাধ্যমে যারা ইমামের ডানে থাকি আর প্রথমে জবাব দেই যারা ইমামের বামে থাকি এবং উভয় পাশে যারা থাকেন।

একে অপরকে যেন ভালোবাসে- মুল্লা 'আলী কারী বলেন যে, আমরা সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কারীকে ভালোবাসার সাথে সকল মু'মিনকে ভালোবাসব যেন প্রত্যেকে চমৎকার আচরণ, সৎ কাজ করে এবং সত্য কথা বলে আর বিশুদ্ধ কল্যাণ কামনা করে যা ভালোবাসা ও ভ্রাতৃত্বের দিকে নিয়ে যাবে।

وَأَنْ يُسَلِّمَ بَعْضُنَا عَلى بَعْضٍ) একে অপরকে সালাম দিবে। আর এ সালাম, সালাত ও সালাতের বাইরে উভয় স্থানেই অন্তর্ভুক্ত, তবে বায্যার শুধু সালাতের সাথেই সংশ্লিষ্ট করেছে।



আর শাওকানী বলেনঃ এটা ইমামের সালাম মুক্তাদীর ওপর আর মুক্তাদীর সালাম ইমামের ওপর ও মুক্তাদীর সালাম পরস্পর পরস্পরের ওপর।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন